

PAVENewsletter

Peace Ambassadors' Response to COVID-19 Outbreak

অসহায় মানুষের মাঝে ঈদ আনন্দ উপহার হিসেবে খাদ্য সামগ্রী বিতরণ করলেন সম্মানীত পিস এ্যাম্বাসেডর জনাব মোখতার আহমদ। - মুহাম্মদ আব্দুর রব খাঁন, কক্সবাজার।



লকডাউনের কারণে সমগ্র বাংলাদেশের অন্যান্য অঞ্চলের মত কক্সবাজারের রামু উপজেলার অসহায় ও নিম্ন আয়ের মানুষরা যখন কর্মহীন হয়ে অতিকষ্টে দিন যাপন করছেন, ঠিক তখন আসন্ন পবিত্র ঈদুল ফিতরের আনন্দ তাদের সবার সাথে ভাগাভাগি করে নেয়ার উদ্দেশ্যে অসহায় মানুষের মাঝে ঈদ আনন্দ উপহার হিসেবে খাদ্য সামগ্রী বিতরণ করলেন সম্মানীত পিস এ্যাম্বাসেডর এবং উক্ত উপজেলা বিএনপির আহ্বায়ক জনাব মোখতার আহমদ।

এসময় জনাব মোখতার বলেন, পবিত্র রমযান মাস হল সিয়াম সাধনার মাস। দীর্ঘ একমাস রোযা রাখার পর মানুষের জন্য অনাবিল আনন্দ ও খুশির বার্তা নিয়ে ঘরে ঘরে উপস্থিত হয় ঈদ। কিন্তু কোভিড-১৯ এর দিশেহারা আক্রমণের কারণে নিম্ন আয়ের মানুষ সহায় সম্বল হারিয়ে বর্তমানে অতি কষ্টে দিনাতিপাত করছেন। তাদের মুখে আজ আর হাসি নেই। ঈদের আনন্দ তো দূরের কথা, বেঁচে থাকাটাই আজ তাদের জন্য অনেক কষ্টের।



এমতাবস্থায় কক্সবাজার সদর ও রামু উপজেলার সাবেক এমপি জনাব লুৎফুর রহমান কাজলের নির্দেশে অসহায় ও নিম্ন আয়ের মানুষের মুখে হাসি ফোটানোর জন্য রামু উপজেলা বিএনপির পক্ষ থেকে এই ক্ষুদ্র ঈদ উপহারের ব্যবস্থা করা হয়েছে। আশা করি, অসহায় মানুষের কল্যাণে

ভবিষ্যতেও আমরা এ ধরনের সহায়তামূলক কার্যক্রম অব্যাহত রাখব। উক্ত অনুষ্ঠানে সম্মানিত পিএফজি সদস্য জনাব লিয়াকত খান সহ উপজেলা ও বিভিন্ন ইউনিয়নের বিএনপির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন এবং সাহায্য গ্রহীতাদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য তারা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

আমরা সাদা মনের মানুষ নামক সামাজিক সংগঠনের সহযোগী হিসেবে অসহায় মানুষের মাঝে অর্থ বিতরণ করলেন তাহিরপুর উপজেলার পিএফজি সদস্যরা। - হাফিজুর রহমান নোমান, সুনামগঞ্জ।

করোনা ভাইরাসের কারণে লক ডাউন চলাকালীন সময়ে কোন প্রকার সাহায্য সহযোগিতা না পাওয়া অসহায় মানুষদের পাশে অর্থ সহায়তা নিয়ে হাজির হলেন সুনামগঞ্জের তাহিরপুর উপজেলার পিএফজির সদস্যরা। উল্লেখিত কার্যক্রমের অংশ হিসেবে আমরা সাদা মনের মানুষ নামক সামাজিক সংগঠনের সার্বিক সহায়তায় গত ৩০ এপ্রিল, ২০২০ তারিখ বৃহস্পতিবার তাহিরপুর



উপজেলার জনতা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে দুপুর ১২ টার দিকে উক্ত উপজেলার শ্রীপুর উত্তর ইউনিয়নের তরং, নয়াবন্দ, শ্রীপুর, ভোরাঘাট, তেলীগাঁও এই কয়েকটি গ্রামের ভিক্ষুক ও নদী পারাপারে (গোদারা) নৌকা চালিয়ে জীবন যাপন করে এমন ১০ টি অসহায় পরিবারের হাতে নগদ ৫০০ টাকা করে অর্থ তুলে

দেন তাহেরপুর উপজেলা পিএফজির আওয়ামী লীগের পিস এ্যাঙ্গাসেডর ও জনতা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোদাচ্ছির আলম এবং উক্ত উপজেলার পিএফজির বিএনপির পিস এ্যাঙ্গাসেডর মো. মেহেদী হাসান উজ্জ্বল। একটি সামাজিক সংগঠন হিসেবে পিএফজির যাত্রা শুরু হওয়ার পর উল্লেখিত কার্যক্রমের মাধ্যমে সংগঠনটি বাহিরের কোন সংগঠন/প্রতিষ্ঠান থেকে এই প্রথম কোন ধরনের সহায়তা পেলে যা এসপিএল প্রজেক্টের সফলতার ক্ষেত্রে মাইলফলক হিসেবে গন্য হবে। এখানে একটি বিষয় বিশেষভাবে উল্লেখ্য



যে, চারদিকে যখন ত্রান লুটপাটের মত ন্যাক্কারজনক ঘটনা ঘটছে, ঠিক তখনই মানুষের আস্থা অর্জনকারী সামাজিক সংগঠন হিসাবে অন্যান্য সংগঠনের কাছে গ্রহণযোগ্যতা পেতে চলেছে দি হান্গার প্রজেক্ট বাংলাদেশের এসপিএল প্রজেক্টের এই পিএফজি গুলো। অন্যদিকে সামাজিক সংগঠন আমরা সাদা মনের মানুষের পক্ষে মোঃ মাহবুবুর রহমান আলম জানান কমিউনিটি লেবেলে এরকম সহযোগিতা পেলে সমাজের একদম অসহায়দের সহযোগিতা করার জন্যে তারা তাদের সহযোগিতার হাত আরো বাড়িয়ে দিবেন। এছাড়াও তিনি ধন্যবাদ দেন সেই সকল পিএফজি সদস্যকে যারা এই চরম দুঃসময়ে জীবনের ঝুঁকি নিয়ে মাঠে থেকে অসহায় মানুষদের জন্য এই ধরনের সহযোগিতামূলক কাজ অব্যাহত রেখেছেন।